১ম অধ্যায় ১ম খণ্ড।

১। ওম্(ওং) ইতি (এই।{ওংকার ই এই।})।
এতদ্ অক্ষরম্(এই ওম্অক্ষর কে, অক্ষর
আত্মাকে),উদ্গীথম্(উদ্গীথ রুপে) উপাসিতব্যম্(উপাসনা
বিধি)।

২। তস্য (তাঁহার) উপব্যাখ্যানম্(উপব্যাখ্যা=তাঁতে
উপনীত হবার ব্যাখ্যা।)

৩। এষাং (এই) ভূতানাং(ভূত সমূহের) পৃথিবী
রসঃ (রস), পৃথিব্যাঃ(পৃথীবীর) আপঃ (অপ,জল)
রসঃ (রস),অপাম্ ওষধয়ঃ (ওষধী)রসঃ, ওষধীনাম্
(ওষধীর) পুরুষঃ রসঃ, পুরুষস্য(পুরুষের) বাক্
রসঃ, বাচঃ(বাকের) ঋক্ রসঃ, ঋচঃ(ঋকের) সাম
রসঃ, সাম্নঃ(সামের) উদ্গীথঃ রসঃ।

৪। সঃ (তিনি)এষঃ(এই) রসানাং (রসের) রসতমঃ
(পরম রস)পরমঃ(পরম এবং) পরার্ধ্যঃ (শ্রেষ্ঠ

অর্ধ)অষ্টমঃ(অষ্টম) যত্ (যে) ঊদ্গীথঃ(ঊদ্গীথ)।
নিরুক্ত।
ওম্-অ+উ+ম=সৃষ্টি, স্থিতি, লয়, এই তিন, বা সমস্ত কাল যাঁতে অক্রমে আছে।সমস্ত প্রকাশের আদিতে বা সমস্ত শব্দের আদিতে যিনি তিনি ওংকার।

অক্ষর- যিনি ক্ষরিত হয়ে স্থূল ভূত অব্দি হয়েও অক্ষর,অক্ষয় থাকেন।অক্ষরের প্রথম প্রকাশ ওংকার।

ঊদ্গীথ-- যিনি উদ্গান করেন, উৎ ক্ষেত্রে যিনি সবাইকে নিয়ে গিয়ে স্থাপন করেন। উৎ ক্ষেত্র, মৃত্যুকে ঊত্তীর্ণ করে যে ক্ষেত্র।

ভূত-যা সৃষ্ট হয়ে গেছে, তাই ভূত অর্থে অতীত ও হয়।

রস- রমন ও সৃজন যার ধর্ম।
(সৃষ্টির প্রতি স্তরে ইনি প্রাণ ও বাক্রুপে রমন ও সৃজনময়।)

পৃথিবী- যিনি পৃথক স্থিতি দান করেন,বিধৃতি শক্তি।পৃথিবীর মধ্যে যে অগ্নি, তিনি,পৃথকবর্ত্মা।স্থিতি বা আয়তনময় করে যে বসু (দেবতা) আমাদের ধারণ করেছেন তিনি পৃথিবী।

অপ্-যিনি আপ্তি দেন বা তৃষ্ণা নিবারণ করেন।সমস্ত ভৌতিকতা যাঁর নিজের আপ্তি, বা নিজেতে নিজের আপ্তি।চেতনা যেখানে ভৌতিকতাকে নিজেতে বীলীন(dissolve) করেও সেই বৈশিষ্টকে ভোগ করেন।এই দেবতা সবাইকে আপ্তিময় বা শীতল করেন এবং ভৌতিকতাকে বীলীন করে পবিত্র করেন।স্থূল ভূত(physicality) এর মধ্যে যে রস বা প্রাণের আলোরন চলেছে তা তারি ভূতত্বের আপ্তি।প্রথমে অপ্ (liquid) তারপর ভূত(solid)।

ওষধী=অপ্, জল, বা আপ্তিময় প্রাণ যে তেজের দ্বারা ধরা থাকেন।(ইনি অধিদৈবে সোম।)

পুরুষ- যিনি নিজেকে খণ্ডিত করে পুর বা আয়তন রচনা করে থাকেন।

বাক্-যে শক্তির দ্বারা পুরুষ,আত্মা, খণ্ডিত হন।

ঋক্- পরম আত্মস্বরুপ, যিনি ঋত থেকে কামময় হয়ে সত্য হন,তাঁর প্রকাশাত্মক বেদনের নাম ঋক্। ।সৃষ্টি সত্য, ঋতের বাক্প্রকাশ। (যাহা অধিদৈবে ঋক্ তাহা অধ্যাত্মে বাক্।)
ঋত=যা ঋত বা প্রবাহিত হয়ে সত্য বা আয়তন হন।

সাম-- ঋক্সমূহ যেখানে (হৃদয়ে,প্রাণে)সাম্যতায় থাকে।আত্মার বেদনই প্রাণ, হৃদয়, যাতে সব এক সাম্যে থাকে।

পরার্দ্ধ=পর + অর্দ্ধ(শ্রেষ্ট অর্দ্ধ)।
অর্দ্ধ= অধি অর্দ্ধ• \(বৃহদারণ্যক)= ১-১/২ =প্রাণ-- যিনি নিজেকে খন্ডিত করে সেই খন্ডকে নিজেতেই ধারণ করে রাখেন।

পরার্দ্ধ- মুখ্য প্রাণ।

অষ্টম=অশতম্। শত=সংখ্যার বা সংখ্যাতির পূর্ণতা= সমস্ত সংখ্যাতি (multiplication) যাঁর অক্ষয় প্রকাশ। সমস্ত সংখ্যাতি যে একে
বিধৃত।১ (একে) +৭ (সপ্ত/সমূহিত) =৮=একত্ব+সমূহ।

৫।কতমৎ কতমৎ (কতটা, কতটা) ঋক্ (ঋক্),কতমা কতমা (কত মাত্রা,কত মাত্রা) সাম, কতমঃ কতমঃ (কত মাত্রা,কত মাত্রা) ঊদ্গীথঃ (ঊদ্গীথ) ইতি বিমৃষ্টম্ (নির্দিষ্ট) ভবতি (হয়)।
নিরুক্ত।
ঋক্, সাম, ঊদ্গীথ এক আত্মস্বরুপের-ই বেদন মাত্রা।

৬।বাগেব (বাক্এব=বাক্ই) ঋক্, প্রাণেব (প্রাণই) সাম, ওম্ইতি (ওংকার ই) ঊদ্গীথ। মিথুন। তৎ (সেই) বৈ (নিশ্চয়ই) এতৎ (এই) মিথুনম্ (মিথুন) যৎ (যাহা) বাক্চ (এবং) প্রাণঃ (প্রাণ) চ (এবং যাহা) ঋক্

চ(এবং)সাম চ।
তৎ (সেই) এতৎ (এই) মিথুনম্(মিথুন)ওম্
(ওংকার)ইতি এতস্মিন্(এই)অক্ষরে(অক্ষরে,অক্ষর
আত্মায়)সংসৃজ্যম্(সম্যক ভাবে সৃষ্ট)।যদা বৈ
(যখনি)মিথুনৌ(মিথুনের জন্য দুই
জন)সমাগচ্ছতঃ(সম্যক ভাবে গমন
করে)আপয়তঃ(আপ্ত বা প্রাপ্ত হয়)বৈ তৌ (অবশ্যই
দুই জনে) অন্যোঅনাস্য(অন্য হইতে অন্য জন)কামম্
(কামনা),(এক জনের কামনা অন্য জন থেকে সম্পন্ন
হয়)।

নিরুক্ত

বিমৃষ্ট= মূর্তে নির্দিষ্ট।
মিথুন।যা কিছু সৃষ্ট তার মূলে বাক্ও প্রাণের মিথুন।
আপয়তঃ অন্যোঅনাস্য কামম্= বাক্ প্রাণে প্রতিষ্ঠিত,
প্রাণ বাকে প্রতিষ্ঠিত।

আপয়িতা(প্রাপক)হ বৈ(অবশ্যই) কামানাম্(কামনা
সকলকে)ভবতি(হন)যঃ(যিনি)এতৎ(এই) এবম্(এই

রুপে) বিদ্বান (বিদিত হয়ে) অক্ষরম্ (অক্ষর আত্মাকে) উদ্গীথম্ (উদ্গীথকে) উপাস্তে (উপাসনা করেন)। (যিনি এই ভাবে অক্ষর আত্মাকে, উদ্গীথকে উপাসনা করেন, তিনি অবশ্যই সকল কামনাকে আপ্ত হন।)

৭।তৎ বৈ (তাহাই) এতত্ (এই) অনুজ্ঞা (অনুমতি জ্ঞাপক) অক্ষরম্ (অক্ষর)।যৎ হি (যাহা কিছুই) অনুজানাতি (অনুভুতি করে,অনুভূতিময় হয়) ওম্ (ওংকার) ইতি এব (ইহাই) তদা (তখন) আহ (বলেন)। (যাহা কিছু [জীব,ক্ষরাত্মা] অনুভব করে, তখন অক্ষর ওম্ইহাই বলেন। (প্রতি অনুভুতির মূলে ওং কার আছেন।) এষা উ এব (ইনিই, এই বাঙ্ময়ী) সমৃদ্ধিঃ (সম্যক ঋদ্ধি,সম্যক বর্ধন) যৎ অনুজ্ঞা। (এই অনুজ্ঞা, অনুভুতি,এঁরই বৃদ্ধি, সম্যক বর্ধন।) সমর্ধয়িতা (সমৃদ্ধকারক) হ বৈ (অবশ্যই) কামানাম্ (কামনা সকলের) ভবতি (হন) যঃ (যিনি) এতত্, (এই) বিদ্বান্ (জানিয়া) অক্ষরম্ (অক্ষরকে) উদ্গীথম্ (উদ্গীথ রুপে) উপাস্তে (উপসনা)

করেন।

নিরুক্ত।
অনুজ্ঞা অক্ষর=অক্ষর আত্মার জ্ঞান ক্রিয়া অনুসারে আমরা জ্ঞানময়,অনুভুতিময়।ইহা অনুজ্ঞা অক্ষর।
(অনুজ্ঞা অক্ষরের স্থান= আজ্ঞা চক্র।)
সমৃদ্ধি=সম্যক বৃদ্ধি=নিজেরই বিস্তার।

৮।তেন(তাঁহার দ্বারাই)ইয়ম্
(এই)ত্রয়ী(তিন)বিদ্যা(বিদ্যা)বর্ত্ততে(প্রবর্ত্তিত)।ওম্ ইতি(ওংকারই) আশ্রাবয়তি(শ্রুতি বা বেদন হয়ে প্রবাহিত হন), ওম্ইতি (ওংকারই)শংসতি (প্রশংসা করেন,শাসন বা নিয়ত্রন করেন),ওম্ইতি(ওংকারই) ঊদ্গায়তি(ঊদ্গান করেন)।এতস্য এব (এসকল) অক্ষরস্য (এই অক্ষরেরই)অপচিত্যৈ(অপচিতির জন্য, পরিচিতি বা বিশিষ্টতা প্রকাশের জন্য)মহিন্না (মহিমার দ্বারা)রসেন(রসের দ্বারা);(অক্ষরেরই মহিমা, অক্ষরেরই রসের দ্বারা)।

নিরুক্ত।

বিদ্যা=বেদনের উৎস,আশ্রয়।ত্রয়ী বিদ্যার প্রকাশ=ঋক্ ,যজুঃ,সাম=বাক্, প্রাণ, মন=কাল,দিক্ ,দেশ=সৃষ্টি,স্থিতি,লয়।

আশ্রাবয়তি=শ্রুতি বা বেদকে প্রবাহিত করেন।

শংসতি=শাসন বা নিয়ন্ত্রণ করেন।শ্রুতি বা বেদনের মধ্যে তাঁর নিয়ত্রণ থাকে যার দ্বারা তিনি জীবকে নিজেতে ফিরিয়ে নেন।

ঊদ্গায়তি=ঊদ্গান করেন।

৯।তেন(তাঁহার দ্বারা)উভৌ (দুই জনই)কুরুতঃ(করেন) ্যঃ চ(যিনি)এতৎ(ইহা) এবম্(এই প্রকার) বেদ(জানেন)্যঃ চ ন বেদ(্যিনি জানেন না)। নানা তু (নানা প্রকার ই) বিদ্যা চ (বিদ্যা এবং)অবিদ্যা চ (অল্পবিদ্যাও)। ্যৎ এব(্যাহা কিছুই)বিদ্যয়া(বিদ্যার দ্বারা)করোতি(করেন)শ্রদ্ধয়া(শ্রদ্ধার দ্বারা)উপনিষদা(উপনিষদের দ্বারা),তৎ এব(তাহাই)বীর্যবত্তরং(অধিক

বীর্যবান)ভবতি(হয়)ইতি। (এই অক্ষরের দ্বারাই লোক বিদ্যার দ্বারা(অক্ষরের নিয়ত্রণ দর্শন করে, বেদনময় হয়ে)কর্ম্ম করে আবার অবিদ্যাগ্রস্ত হয়ে কর্ম্ম করে। ্যাহা বিদ্যার দ্বারা, শ্রদ্ধার দ্বারা, উপনিষদের(অক্ষরের সানিধ্যের) দ্বারা করা হয় তাহা অধিকতর বীর্যবান হয়।

নিরুক্ত।

শ্রদ্ধা=যে ধী শক্তির দ্বারা আশ্রয় বা নির্ভর করা যায়।
বীর্য=ব+ঈর্+য
বাক্য ঈরা বা আত্মাভিমুখী নাড়ীতে চালিত হলে বীর্য হয়।(আত্মনা বিন্দতে বীর্যম্)।

১ম অধ্যায়,২য় খণ্ড।

১।দেবাসুরা(দেবতা ও অসুরগণ)হ বৈ যত্র(যেখানে) সংযেতিরে(সম্+যৎ ,সম্যক রুপে যত্নশীল হয়েছিলেন)উভয়ে প্রাজাপত্যাঃ(প্রজাপতির থেকে জাত),তত্, (তখন)হ দেবাঃ(দেবগণ)উদ্গীথম্

(উদ্গীথকে) আজহ্রু (আ+হৃ-লিট্, গ্রহণ করেছিলেন) অনেন (ইঁহার দ্বারা, উদ্গীথের দ্বারা) এনান্ (ইহাদের) অভিভবিষ্যাম (অভিভূত করিব) ইতি।

নিরুক্ত।

প্রজাপতি=প্রাণ যিনি জাত হন এবং প্রজাতদের পালন করেন।

দেব= বেদ বা বেদন অভিমানী পুরুষগণ।যাঁরা নিজেকে প্রাণের বেদন বলে জানেন।

অসুর=অসু বা প্রাণের রঞ্জনা।অস্=ক্ষেপণ=প্রাণের বহির্মূখী গতি।

প্রাণের রঞ্জনা,ক্ষেপণ, অভিমানী পুরুষ।

২।তে (তাঁহারা) নাসিকাং (নাসিকাসস্থ) প্রাণম্ (প্রাণকে) উদ্গীথম্ (উদ্গীথ রুপে) উপাসাঞ্চক্রিরে (উপাসনা করেছিলেন)।তম্ হ (তাঁহাকে) অসুরাঃ (অসুরগণ) পাপম্ না (পাপের দ্বারা) বিবিধুঃ (বিদ্ধ করেছিল) তস্মাত্ (তাহা থেকে) তেন (তাহার দ্বারা) উভয়ম্ (উভয়কেই) জিঘ্রতি (আঘ্রাণ) করেন, সুরভি (সৌরভ) দুর্গ

ন্ধি চ(এবং দুর্গন্ধ) পাপম্না(পাপের দ্বারা)হি এষঃ বিদ্ধঃ(বিদ্ধঃ হয়েছিল)।

নিরুক্ত।
নাসিকা=যে কেন্দ্র থেকে প্রাণ গতি নিয়ন্ত্রিত হয়,প্রাণ অন্তর ও বহিশ্চারী হন।
গন্ধ=গম্+ধ=প্রণের অন্তর ও বহিশ্চারী গতির দ্বারা যে স্থিতি হয়।
উভয়=দ্বীতীয়তার দ্বারা যুক্ত=দ্বীতীয়াৎ বৈ ভয়ং ভবতি(উপনিষদ)।
ঘ্রাণ= ঘূর্ণমান প্রাণ=প্রাণের আবর্ত্তন=বর্তমানতা=গন্ধ বা স্থিতি।
পাপ=মৃত্যু (মৃত্যু রুপানি পাপানি=বৃহদারণ্যক)।

৩।অথ হ (অনন্তর) বাচম্(বাক্কে) ঊদ্গীথম্(ঊদ্গীথ রুপে)উপাসাঞ্চক্রিরে(উপাসনা করেছিলেন)।তাম্ হ (তাঁহাকে)অসুরাঃ(অসুরগণ)পাপম্না(পাপের দ্বারা) বিবিধুঃ(বিদ্ধ করেছিল) তস্মাত্ (তাহা থেকে)তয়া(তাহার দ্বারা) উভয়ম্

(উভয়ই) বদতি (বলে) সত্যং চ অনৃতং চ পাপম্ না (পাপের দ্বারা) হি এষা (এই বাক্) বিদ্ধাঃ (বিদ্ধঃ হয়েছিল)।

নিরুক্ত।

বাক্= প্রাণকে যিনি আয়তন দেন।
বাক্ যদি মূর্ত্ত হন, পৃথীবীর দ্বারা গৃহিত হন, তবে সেই আয়তন, সেই বাক্য সত্য। তাই যা দৃষ্ট তা সত্য বলে গন্ন হয়।

৪।অথ হ (অনন্তর) চক্ষুং (চক্ষুকে) ঊদ্গীথম্ (ঊদ্গীথ রুপে) উপাসাঞ্চক্রিরে (উপাসনা করেছিলেন)।তৎ হ (তাঁহাকে) অসুরাঃ (অসুরগণ) পাপম্না (পাপের দ্বারা) বিবিধুঃ (বিদ্ধ করেছিল) তস্মাত্, (তাহা থেকে) তেন (তাহার দ্বারা) উভয়ম্ (উভয়কেই) পশ্যতি (দেখে) দর্শনীয়ং চ অদর্শনীয়ং চ পাপম্না (পাপের দ্বারা) হি এতত্ (ইহা) বিদ্ধঃ (বিদ্ধঃ হয়েছিল)।

নিরুক্ত।

চক্ষুঃ= বাক্ যত আয়তন রচনা করেন, তা যেখানে প্রকাশ পায়, তা চক্ষু।উপনিষদে চক্ষুকে সত্য বা মূর্ত্তের রস বলা হয়েছে।

৫।অথ হ (অনন্তর) শ্রোত্রং (শ্রোত্রকে) ঊদ্গীথম্ (ঊদ্গীথ রুপে) উপাসাঞ্চক্রিরে (উপাসনা করেছিলেন)।ততত্ হ (তাঁহাকে) অসুরাঃ (অসুরগণ) পাপম্না (পাপের দ্বারা) বিবিধুঃ (বিদ্ধ করেছিল) তস্মাত্ (তাহা থেকে) তেন (তাহার দ্বারা) উভয়ম্ (উভয়কেই) শৃণোতি (শ্রবণ করে) শ্রবণীয়ং চ অশ্রবণীয়ং চ পাপম্না (পাপের দ্বারা) হি এতৎ, (ইহা) বিদ্ধঃ (বিদ্ধঃ হয়েছিল)।

নিরুক্ত।

শ্রোত্র=যা কিছু মূর্ত্ত তার যা নাম, তা যেখানে প্রতিষ্ঠিত তা শ্রোত্র।চক্ষুতে প্রকাশ আর শ্রোত্রে তার আনুভূতি বা শ্রবণ।

৬।অথ হ(অনন্তর) মন (মনকে)ঊদ্গীথম্(ঊদ্গীথ রুপে)উপাসাঞ্চক্রিরে(উপাসনা করেছিলেন)তত্ হ (তাঁহাকে)অসুরাঃ(অসুরগণ)পাপমনা(পাপের দ্বারা)বিবিধুঃ(বিদ্ধ করেছিল) তস্মাৎ (তাহা থেকে)তেন(তাহার দ্বারা) উভয়ম্ (উভয়কেই)সংকল্পয়তে(সংকল্প করে)সংকল্পনীয়ম্(যাহা সংকল্পের যোগ্য)চ অসংকল্পনীয়ম্(যাহা সংকল্পের যোগ্য নহে) চ পাপম্না(পাপের দ্বারা)হি এতত্ (ইহা)বিদ্ধম্(বিদ্ধঃ হয়েছিল)।

নিরুক্ত।

মন=ম+অন্। যেখানে বা যাহার দ্বারা প্রাণ মগ্ন হয়, মর্ত্ত হয়, মূর্ত্ত হয়।মন দর্শনের সংকল্প করে, তখন চোখ দেখে, মন শ্রবণের সংকল্প করে, তখন শ্রোত্র শোনে ইত্যাদি।দ্রষ্টা চক্ষুতে মূর্ত্ত, শ্রোতা শ্রবণে মূর্ত্ত, কর্ত্তা করণ সমূহে মূর্ত্ত।মন বহ্মা, মূর্ত্তের স্রষ্টা।

৭।অথ হ য এব অয়ম্ মুখ্যঃ প্রাণঃ (অনন্তর এই মুখ্য প্রাণ)তম্(তাঁকে)ঊদ্গীথম্(ঊদ্গীথ

রুপে) উপাসাঞ্চক্রিরে (উপাসনা করেছিলেন) তম্হ (তাঁহাকে) অসুরাঃ (অসুরগণ) ঋত্বা (প্রাপ্ত হয়ে) বিদধ্বংসুঃ (ধ্বংস হয়েছিল) যথা (যেমন) অশ্মানম্ (অশ্ম-প্রস্তর,প্রস্তরকে) ,আখণম্ (যাহাকে খনন করা যায় না) বিদধ্বংসেত।

৮।এবং যথা অশ্মানম্ (অশ্ম,প্রস্তর) আখণম্ (যহাকে ক্ষণন বা বিদ্ধ করা যায় না) ঋত্বা (প্রাপ্ত হয়ে) বিদধ্বংসতে (বিশেষ ভাবে ধ্বংস হয়) এবম্হ এব (সেই ভাবেই) সঃ (সে) বিদধ্বংসতে (বিশেষ ভাবে ধ্বংস হয়) যঃ (যে) এবম্ (এই প্রকার যিনি) বিদি (জানেন,তাঁহার প্রতি) পাপম্ (পাপকে) কাময়তে (কামনা করেন) যঃ চ এনম্ (যে এনাকে) অভিদাসতি (আঘাত করতে ইচ্ছা করে) ।

নিরুক্ত।

অশ্ম =যাহা ,'শ্ম', মর্ত্ত বা মৃত্যুর শাসনের দ্বারা অভিভূত।

আখণম্=যাহা ক্ষণ বা কালের দ্বারা ক্ষরিত হয় না।

৮। ন এব এতেন (না এনার দ্বারা) সুরভি (সৌরভ) ন দুর্গন্ধি (দুর্গন্ধ) বিজানাতি (জানে) অপহতপাপমা (বিগত পাপ) হি এষঃ (ইনি)।তেন (তাঁহার দ্বারা) ,যত্ অশ্নাতি (যা ভোজন করে) যত্ পিবতি (যা পান করেন) তেন (তাহার দ্বারা) ইতরান্ (অন্যান্য) প্রাণান্ (প্রাণ সকলকে) অবতি (পালন করে)।এতম্উ এব (এই এনাকে) অন্ততঃ (অন্ত কালে) অবিত্বা (না প্রাপ্ত হয়ে) উত্ক্রামতি (উত্ক্রমণ করে),ব্যাদদাতি (ব্যাদা ধাতু; বি+আ+দা, মুখ ব্যাদন বা হাঁ করা;) এব (এই জন্য) অন্ততঃ (অন্ত কালে) ইতি।

নিরুক্ত।

অপহত=অপের দ্বারা হত। অপের দ্বারা পাপ বিলীন হয়।অপ বা প্রাণের দ্বারা দ্বীতীয় জ্ঞান বা মৃত্যু দ্রবীভূত হয়।

ইতরান্ প্রাণান্=মুখ্য প্রাণকে আশ্রিত করে যা কিছু আছে সবাই ইতর প্রাণ।

ব্যাদন=বাকের অদন ভঙ্গিমা।অন্তকালে বাক ই আমাদের

অদন করেন।

৯।তম্ হ অঙ্গিরা (তাঁহাকে অঙ্গিরা) উদ্গীথম্ উপাসাঞ্চক্রে (উদ্গীথ রুপে উপাসনা করেছিলেন)।এতম্উ এব (এই জন্যই) আঙ্গিরসম্ (আঙ্গিরস) মন্যন্তে (সকলে মনে করে)। অঙ্গানাম্ (অঙ্গ সমূহের) যত্ (যেহেতু) রস (রস)।

নিরুক্ত।

অঙ্গিরা=অম্+গির্+আ= যে অম্বা তেজোময়ী বাক্গরিমা বা গরণের জন্য ইর্অর্থাত্ধাবন করছেন তাঁর দ্রষ্টা।

আঙ্গিরস=যিনি অঙ্গ সকলের রস।বাক্ বা তেজের দ্বারাই অঙ্গ সমূহ গঠিত হয়, বিধৃত থাকে।

অঙ্গ=অম্ গচ্ছতি---অম্ এর গতিই অঙ্গ।

১০।তেন (সেই ভাবে) তম্ হ বৃহস্পতি (তাঁহাকে বৃহস্পতি) উদ্গীথম্ উপাসাঞ্চক্রে (উদ্গীথ রুপে উপাসনা করেছিলেন)। এতম উ এব (এই জন্যই) বৃহস্পতিম্ (প্রাণকে বৃহস্পতি) মন্যন্তে (সকলে মনে

করে)।বাক্ হি(বাক ই)বৃহতী(বৃহত হবার শক্তি)তস্যাঃ(তাহার) এষঃ(ইনি)পতিঃ(পতি)।

নিরুক্ত।
বৃহস্পতি।বাকের দ্বারাই প্রাণ বৃহত্হন।প্রাণের শক্তি বাক্বৃহতী।প্রাণ বৃহস্পতি।

১১।তেন (সেই ভাবে)তম্হ আয়াস্য(তাঁহাকে)উদ্গীথম্ উপাসাঞ্চক্রে(উদ্গীথ রুপে উপাসনা করেছিলেন)। এতম উ এব (এই জন্যই)আয়াস্য(আয়াস্য)মন্যন্তে(সকলে মনে করে)।আ(আস্য থেকে)
যত্(যেহেতু)অয়তে(প্রবাহিত হন; ই ধাতু নিষ্পন্ন)।

নিরুক্ত।
আস্য=অস্ধাতু নিষ্পন্ন--অস্তি বাচক--সকল অস্তিত্বের উত্স বা আসন,মুখ।
আস্য=অস্ধাতু নিষ্পন্ন--ক্ষেপন বাচক=যেখান থেকে বাক্ প্রাণকে আয়তনবান করে ক্ষেপন করেন।

আস্য বা মুখ থেকে প্রাণ বাক্যের আকারে প্রবাহিত হচ্ছেন।

১২।তেন(সেই ভাবে) তম্হ (তাঁহাকে)বকঃ(বক) দাল্যভঃ(দালভ্গোত্র) বিদাঞ্চকার(বিশেষ ভাবে জেনেছিলেন)।স হ (তিনিই) নৈমীষায়ানাম্(নৈমীষ গণের মধ্যে) উদ্গাতা(উদ্গাতা) বভূব(হয়ে ছিলেন)।স হ(তিনিই) স্ম(অবশ্যই) এভ্যঃ(এনাদের জন্য) কামান্(কাম বা কাম্য সকলকে) আগায়তি(গান করেছিলেন)।

নিরুক্ত।

বক=যিনি সকল কিছুকে বাঙ্ময় বলে দর্শন করেন।
নৈমীষ= ন+মিষ্=যেখানে কেউ স্পর্ধা করেনা=অহংকার বিহীন, আত্মবোধময়।
যেখানে একটি নিমেষে সব হয়=অক্রম ভূমি।
আগায়তি=গান করেন।গানের দ্বারা যা কাম্য তার আগমন ঘটান যায়।

উদ্গাতা=যিনি গানের দ্বারা উত্ক্ষেত্রে নিয়ে যান।
১৩।আগাতা(গানের দ্বারা যিনি নিয়ে আসেন) হ বৈ(অবশ্যই) কামানাম্(কাম্য সকলের)ভবতি(হয়) য(যিনি) এবম্(এই প্রকার) এতদ্(এই) অক্ষরম্(অক্ষরকে,অক্ষর আদিত্যকে)বিদ্বান্(জানিয়া) উদ্গীথম্(উদ্গীথ রুপে)উপাস্তে(উপাসনা করেন)।ইতি অধ্যাত্মম্(ইহা অধ্যাত্ম, বা অধ্যাত্মে উপলব্ধ)।

নিরুক্ত।

আগাতা=গান করে আনান,আগমন করান।

১।৩।১

অথ(অনন্তর)অধিদৈবতম্(অধিদৈব)।
যঃ(যিনি) এব(এই রকম) অসৌ(ওই যে) তপতি(তাপ দিচ্ছেন)তম্(তাঁহাকে) উদ্গীথম(উদ্গীথ রুপে) উপাসীত(উপাসনা করবে)।
উদ্যন্(উদিত হয়ে)বৈ এষঃ(অবশ্যই ইনি)প্রজাভ্যঃ(প্রজাগণের জন্য)উদ্গায়তি(উদ্গান করেন)।উদ্যন্(উদিত হয়ে)তমঃ(তমকে, অন্ধকারকে)

ভয়ম্(ভয়কে) অপহন্তি(অপহরণ করেন)।

নিরুক্ত।

যিনি অধ্যাত্মে উদ্গাতা, প্রাণ, তিনি বিরাটে, অধিদৈবে, আদিত্য।

আদিত্য=অদিতির সন্তান।অদনময়, অদনের দ্বারা যিনি আত্মসম্মিত করেন,দ্বিতীয়তা বিহীন যিনি।

উদয়=উৎ+অয়(ন)=উৎ ক্ষেত্রে গতি।

তম=কোন কিছুর চরমতার দ্বারা যে আচ্ছন্ন অবস্থা।

১।৩।২

সমান উ এব অয়ম্(সমান ইনি) চ অসৌ চ (এবং সমান উনি) উক্ষ অয়ম্ (উক্ষ ইনি) উক্ষ অসৌ(উক্ষ উনি) স্বর ইতি(স্বর এই ভাবে)ইমম্(ইনি) আচক্ষতে(আচরিত হন) স্বর ইতি প্রত্যাস্বর(স্বর এবং প্রত্যাস্বর) ইতি অমুম্(উনি) তস্মাদ্বা(সেই জন্য) এতম্ ইমম্(এই এনাকে) অমুম্ চ(ওনাকেও) উদ্গীথম্ উপাসীত(উদ্গীথ রুপে উপাসনা করবে)।

নিরুক্ত।

স্বর।স্বয়ং রঞ্জয়তি-নিরঞ্জন আত্মা নিজেই নিজেকে রঞ্জিত করেন।

প্রাণ আত্মার প্রথম প্রকাশ, রঞ্জনা। অধ্যাত্ম প্রাণ স্বর, আধিদৈবে ইনি প্রত্যাস্বর।

এই জন্য অগ্নির বীজ মন্ত্র 'রং'।

প্রতি স্বরের উপর যিনি অধিষ্টিত তিনি প্রত্যাস্বর।

১।৩।৩

অথ খলু (অনন্তর)ব্যানম্ এব(ব্যানকেই) উদগীথম্ উপাসীত (উদ্‌গীথ রুপে উপাসনা কর)।যৎ বৈ প্রাণিতি(যিনি প্রাণন করেন)স প্রাণঃ(তিনি প্রাণ),যৎ অপানিতি(যিনি অপানন করেন)স অপানঃ(তিনি অপান), অথ যঃ প্রাণ অপানয়োঃ সন্ধিঃ (অনন্তর যা প্রাণ অ অপানের সন্ধি) সঃ ব্যানঃ (সে ব্যান)।যঃ ব্যানঃ (যিনি ব্যান) সা বাক্ (তিনি বাক্)।তস্মাৎ (সেই জন্য) অপ্রাণন্ (প্রাণন না

করে))অনপানন্(অপানন না করে)বাচম্(বাক্কে) অভিব্যাহরিতি(ব্যাবহার করে)।

১।৩।৪

যা বাক্(যিনি বাক্)সা ঋক্(তিনিই ঋক্)। ।তস্মাৎ (সেই জন্য) অপ্রাণন্ (প্রাণন না করে))অনপানন্(অপানন না করে,ঋচম্(ঋক্কে) অভিব্যাহরিতি(ব্যাবহার করে)।যা ঋক্ তৎ সাম (যিনি ঋক্ তিনি সাম)।তস্মাৎ (সেই জন্য) অপ্রাণন্ (প্রাণন না করে))অনপানন্(অপানন না করে),সামম্(সামকে) অভিব্যাহরিতি(ব্যাবহার করে)।

নিরুক্ত।

১।প্রতি জ্ঞান ক্রিয়াতে জ্ঞান যে দিকে অনুভূতিময়(অন্তর) তা প্রাণ, যে দিকে আয়তনময়(বহিঃ) তা অপান। আত্মা নিজেই অন্তর ও বহিঃ হন, ইনি ব্যান। আত্মা নিজেই নিজেকে অন্তর ও বহিঃ করেন, এই শক্তির নাম বাক্।

২।যিনি অধ্যাত্মে বাক্, তিনি বাক্যের আকারে মূর্ত্ত হচ্ছেন।বাকের মূর্ত্তি হল বাক্য।যিনি অধ্যাত্ম্যে বাক্য,

তিনি অধিদৈবে ঋক্।

৩।ঋক্সকল আত্মার মন্ত্রময় অভিব্যক্তি।বাইরের দিকে এঁরা দেবতা।সম বা একই আত্মায় এঁরা হৃদয়ের দ্বারা যুক্ত।ইহা সাম।(ঋচো আক্ষরে পরমে ব্যোমন্ যস্মিন দেবাঃ অধি বিশ্বে নিষেধুঃ.....।)

১।৩।৫

অথো (অনন্তর)যানি(যা) অন্যানি(অন্য সকল) বীর্যবন্ত(বীর্যবান) কর্ম্মাণি(কর্ম্ম সকল) যথা অগ্নে মন্থন্ম্(যেমন অগ্নির মন্থন), আজে({'আজি' ধাতু থেকে}লক্ষ্য সীমায়, প্রাণ ও অপানের সংযোগ রেখায়) সরণম্(ধাবন),ধৃঢস্য(ধৃঢ়)ধনুষ্য(ধনুকের)আযমনম্(জ্যা গ্রহণ করা),অপ্রাণন (প্রাণন না করে))অনপানন(অপানন না করে)তানি(সেই সকল করেন)। এতস্য (এই) হেতোঃ(কারণে) ব্যানম্এবঃ(ব্যানকেই) ঊদ্গীথম্(ঊদ্গীথ রুপে উপাসনা করবে)।

নিরুক্ত।

বীর্য্য=বীর্ (বি + √ইর্) ধাতু থেকে নিষ্পন্ন।বীর=বী+রয়তি=বহু করা,বিভক্ত করা। বীর্য্য=নিজেকে বহু করার সামর্থ্য।

অগ্নি মন্থন। অগ্নি= প্রাণ=কাল।

অগ্নি মন্থন=কালের আবর্ত্তন।

অগ্নির মন্থন=কালের স্ফূট।অগ্নির থেকে কাম্যকে সৃষ্টি করা।

আজ্য= যা অজ (যিনি জাত হয়েও অজাত থাকেন) থেকে জাত।যা অগ্নি থেকে জাত হয়, তা অগ্নির দ্বারাই আহুত এবং আহূত। 'আজে সরণম্'=আজ্যকে অবলম্বন করে অগ্নির প্রতি ধাবন।যেখান থেকে আজ্য জাত হয়, আজ্য অগ্নিতে আহুত হয়ে সেখানেই (আগ্নিতেই) যায়।

ধনু= ধ্বন্ ধাতু নিষ্পন্ন। ধনু=যাহার দ্বার ধ্বনি নিক্ষিপ্ত হয়।

ধৃঢস্য ধনুষ্য আযমনম্।

শব্দের দ্বারা, মন্ত্রের দ্বারা অভীষ্টকে পাবার

প্রস্তুতি।ধনুকের একটি প্রান্ত প্রাণ, অন্যটি অপান।এই দুইকে একত্র করে ব্যানের দ্বারা শর নিক্ষেপ করা হয়।প্রণব ই ধনু(কঠোপনিষদ)।

১।৩।৬

অথ(অনন্তর) খলু(অবশ্য) ঊদ্গীথ অক্ষরাণি(ঊদ্গীথের অক্ষর সকলকে) উপাসীত(উপাসনা করবে)।ঊদ্গীথঃ ইতি(ঊদ্গীথ ই) প্রাণঃ এব উৎ (প্রাণ ই উৎ)প্রাণেন হি (প্রাণের দ্বারাই)উৎ তিষ্টতি(উত্থিত হয়)।বাক্ গীঃ(বাক ই গী), বাচঃ(বাক্য সকল) হ (ই)গিরঃ(গীঃ রুপে)ইতি আচক্ষতে(আচরিত হয়)।অন্নম্ থম্(অন্ন ই থম্ বা স্থিতি) অন্নে হি ইদম্(অন্নেই বা অন্নের দ্বারাই) সর্ব্বম্(সকলে)স্থিতম্(স্থিত)।

নিরুক্ত।

প্রাণ ই উৎ। প্রাণের দ্বারাই সবাই গতিশীল, প্রাণ এক অবস্থা থেকে অন্য অবস্থায় উঠিয়ে নিয়ে যান।প্রাণ মৃত্যুর থেকে অমৃতে উঠিয়ে নিয়ে যান।

বাক্‌ই ‘গী’।কে কি ভাবে প্রাণের দ্বারা গতিশীল হবে তা নির্ধারিত হয় বাকের দ্বারা।
অন্ন ই ‘থম্’। অন্নের দ্বারাই সবাই স্থিত(থ)এবং মূর্ত্ত(ম)।
প্রাণ বহু রুপে আমাদের পোষণ করছেন, ইহা অন্ন।প্রাণের বহুধা, বর্দ্ধিত (‘ন্ন’) পোষণকারী মহিমা।

১।৩।৭ দ্যৌঃ এব (দ্যু লোক ই) উৎ (উৎ) অন্তরিক্ষম্ গীঃ (অন্তরীক্ষ গী) পৃথিবী থম্(পৃথিবী থম্)। আদিত্য এব আদিত্য (ই) উৎ (উৎ) বায়ুঃ গীঃ (বায়ু গী) অগ্নিঃ থম্(অগ্নি থম্)।সামবেদঃ এব (সামবেদই) উৎ (উৎ) যর্জুবেদঃ গীঃ(যর্জুবেদই গী)(বায়ু গী) ঋগবেদঃ থম্(ঋগবেদ থম্)।দুগ্ধে(দোহন করেন) অস্মৈ(এনাদের জন্য, দ্রষ্টাদের জন্য) বাক্(বাক্ স্বয়ং)
দোহং(দুগ্ধকে) যৎ (যাহা) বাচো(বাকের) দোহঃ(দুগ্ধ বা যাহা বাকের থেকে দোহনীয়)।অন্নবান্(অন্নবান, অন্নের দ্বারা সমৃদ্ধ) অন্নাদঃ(অন্ন
দাতা)ভবতি(হন)যঃ(যিনি)এতানি(এই
সকল)এবম্(এই প্রকার) বিদ্বান্(জানিয়া)উদ্গীথ

অক্ষরাণি(উদ্গীথের অক্ষর সকল সকলকে)উপাস্তে (উপাসনা করেন)।

নিরুক্ত।

যিনি অধ্ম্যাত্মে প্রাণ, তিনি অধিদৈবে আদিত্য এবং দ্যু তাঁর প্রকাশময়তা। যিনি অধ্ম্যাত্মে বাক্, তিনি অধিদৈবে বিদ্যুৎ অন্তরীক্ষ তাঁর প্রকাশের স্থান। অন্তর-ঈক্ষণ- পশ্যন্তী বাক্। যিনি অধ্ম্যাত্মে অন্ন(পোষণ,ধারক শক্তি), তিনি অধিদৈবে পৃথিবী।

প্রাণ ও দ্যু যে দেবতা তিনি আদিত্য।

বাক্ ও অন্তরীক্ষ যে দেবতা তিনি বায়ু।

অন্ন ও পৃথিবী যে দেবতা তিনি অগ্নি।

আত্মার যে বেদন প্রাণ ও দ্যু তা সাম।

আত্মার যে বেদন বাক্ ও বায়ু তা যজু।

আত্মার যে বেদন অন্ন ও পৃথিবী তা ঋক্।

দুগ্ধ—যা দুহিত হয়।বাক্স্বয়ং নিজেকে দোহন করেন। বাক্(দ) হিতার মধ্য দিয়ে স্রাবিত হন। ইনি দুহিতা।

বাকের চারটি স্তন(বৃহদারণ্যক উপনিষদ,অষ্টম ব্রাহ্মণ)। দুইটির নাম স্বাহাকার—দেবগণ এই স্তন্য দ্বয়ের দুগ্ধ পান করেন।
তৃতীয় স্তন্য স্বধাকার—পিতৃগণ এই স্তন্য দুগ্ধ পান করেন।
চতুর্থ স্তন্য হন্তকার—মনুষ্যগণ এই স্তন্য দুগ্ধ পান করেন।
অন্ন=পোষণের নিমিত্ত অন্ বা প্রাণের বৃদ্ধি।প্রাণ ই অন্ন হয়ে আমাদের পোষণ করছেন।
১।৩।৮
অথ(অনন্তর) খলু(অবশ্য) আশীঃ(আশা সকলের) সমৃদ্ধি(সমৃদ্ধি এবং) উপসরণানি(উপ বা নিকটে সরণ বা গতি)।
যেন(যে) সাম্না(সামের দ্বারা) স্তোষ্যন্(স্তুতি) স্যাৎ (করণীয়) তৎ (সেই)সাম(সামের) উপধাবেৎ (প্রতি ধাবন করবে)।

১।৩।৯ যস্যাম্ ঋচি(যে ঋকে)তাম্(সেই)ঋচম্(সেই ঋক্কে) যৎ (যে)আর্ষেয়ম্(যে ঋষির দর্শন)

তম্(সেই)ঋষিম্(সেই ঋষি কে)যাম্ দেবতাং অভিঃ স্তোষ্যন্ স্যাৎ (যে দেবতার প্রতি স্তুতি করবে) তাম্ দেবতাম্(সেই দেবতাকে) উপধাবেৎ (লক্ষ্য করে ধাবন করবে)।

নিরুক্ত।

আশীঃ=আশা সকল।যা শায়িত হয়ে আছে,কাল ক্রমে এখনি ফোটেনি।

যে সামের দ্বারা দেবতার স্তুতি করা হয়, সেই সামের দ্বারা দেবতার সাথে আত্মার যে সমতা তা জ্ঞাত হয়।

সমৃদ্ধি=সম্যক বৃদ্ধি=আশা যে দেবতায় প্রতিষ্ঠত সেই দেবতার র্দশন।

যে ঋকের দ্বারা দেবতাকে মূর্ত্ত করা হয়, সেই ঋক্ দেবতার চক্ষু বা প্রকাশের কেন্দ্র।

যিনি সাম থেকে ঋকে দেবতাকে নিয়ে এসে দেবতাকে মূর্ত্ত করতে পারেন, তিনি দ্রষ্টা ঋষি।মূর্ত্ত দৃষ্টিতে প্রতিষ্ঠিত।

১।৩।১০
যেন(যে) ছন্দসা (ছন্দের দ্বারা) স্তোষ্যন্‌স্যাৎ (স্তব করবে) তৎ (সেই)ছন্দঃ(ছন্দকে,ছন্দের প্রতি) উপধাবেৎ (ধাবন করবে) যেন স্তোমেন স্তোষ্যমাণঃ স্যাৎ তম্‌ স্তোমম্‌ উপধাবেৎ (প্রতি ধাবন করবে)।
১।৩।১১ যাম্‌ দিশম্‌(যে দিককে) অভিঃ স্তোষ্যন্‌ স্যাৎ (স্তুতি করবে)তম্‌ দিশম্‌ উপধাবেৎ।

ছন্দ। যে ধারা, বেদনের ক্রম ধরে দেবতা আত্মস্বরুপ থেকে আলাদা হয়েছেন, তা ছন্দ।
স্তব।অস্তিত্ব বাচক বাক্য।যে বাক্যের দ্বারা দেবতাকে মূর্ত্ত করা যায়।
দিক্‌। যে দিক দিয়ে দেবতা আসবেন।(প্রাণ যে ভাবে আনত হন তা সেই দিক।('প্রাচী দিক্‌প্রাঞ্চ প্রাণাঃ...')।

১।৩।১১ আত্মানম্‌(আত্মাকে) অন্ততঃ(সবার মূলে র্দশন করে) উপসৃত্য(তাঁর নিকটবর্ত্তী হয়ে) স্তুবীত(স্তব করে) কামং (কাম্যকে) ধ্যায়ন্‌(ধ্যান করে)

অপ্রমত্তঃ (প্রমত্তঃ না হয়ে) অভ্যাশঃ (আশার অভিমুখ হয়ে) হ যৎ (যখন) অস্মৈ ({তখন}এর জন্য) সঃ (সেই) কামঃ (কামনা) সমৃধ্যেত (সমৃদ্ধ হবে) যৎ কামঃ (যে কামের জন্য) স্তুবীত (স্তুব করবে) ইতি যৎ কামঃ স্তুবীত (স্তুব করবে) ইতি।

নিরুক্ত।

কামের সমৃদ্ধি = আত্মা থেকে দেবতা, দেবতা থেকে কাম্য---এই জ্ঞান থেকে কাম্যের আনন্ত্য দর্শন হয়।